

## ■ সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৯১৫

৩৬/ আদব (الأدب)

পরিচ্ছেদঃ ৮৯. হাসি-ঠাট্টা করা সম্পর্কে।

بَابِ مَا جَاءَ فِي الْمِزَاحِ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ مَعِينٍ، حَدَّثَنَا حَاجُ بْنُ مُحَمَّدٍ، حَدَّثَنَا يُونُسُ بْنُ أَبِي إِسْحَاقَ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنِ الْعَيْزَارِ بْنِ حُرَيْثٍ، عَنِ النُّعْمَانِ بْنِ بَشِيرٍ، قَالَ اسْتَأْذَنَ أَبُو بَكْرٍ رَحْمَةً اللَّهِ عَلَيْهِ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَسَمِعَ صَوْتَ عَائِشَةَ عَالِيَا فَلَمَّا دَخَلَ تَنَاؤلَهَا لِيَلْطِمَهَا وَقَالَ لَا أَرَاكَ تَرْفَعِينَ صَوْتَكِ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَجَعَلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَحْجُزُهُ وَخَرَجَ أَبُو بَكْرٍ مُغْبَنِّا فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِينَ خَرَجَ أَبُو بَكْرٍ " كَيْفَ رَأَيْتِنِي أَنْقَذْتُكِ مِنَ الرَّجُلِ " . قَالَ فَمَكَثَ أَبُو بَكْرٍ أَيَّامًا ثُمَّ اسْتَأْذَنَ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَوَجَدَهُمَا قَدْ اصْطَلَحَا فَقَالَ لَهُمَا أَدْخِلَنِي فِي سِلْمِكُمَا كَمَا أَدْخَلْتُمَانِي فِي حَرِّكُمَا . فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " قَدْ فَعَلْنَا قَدْ فَعَلْنَا " .

বাংলা

৪৯১৫. ইয়াত্হিয়া ইবন মাত্তিন (রহঃ) ..... নুমান ইবন বাশীর (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা আবু বকর (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উপস্থিত হওয়ার জন্য অনুমতি চাইলে, তিনি আইশা (রাঃ)-কে চিন্কার দিতে শোনেন। তিনি ভেতরে প্রবেশ করে আইশা (রাঃ)-কে চড় দিতে চান এবং বলেনঃ আমি তোমাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপর গলাবাজি করতে দেখেছি! তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে তা থেকে বিরত রাখেন। এতে আবু বকর (রাঃ) রাগান্তিত হয়ে চলে যান। আবু বকর (রাঃ) চলে যাওয়ার পর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আইশা (রাঃ)-কে ঠাট্টা করে বলেনঃ দেখলে তো, আমি তোমাকে একজন পুরুষের হাত থেকে কিভাবে রক্ষা করলাম!

রাবী বলেনঃ এর কিছুদিন পর আবু বকর (রাঃ) নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট উপস্থিত হওয়ার অনুমতি চেয়ে দেখতে পান যে, তাঁদের মধ্যে সন্ধি হয়ে গেছে। তখন তিনি তাঁদের বলেনঃ আপনারা

আমাকে আপনাদের সন্ধির মধ্যে এরূপ শরীক করুন, যেরূপ আপনারা আমাকে আপনাদের ঝগড়ার মধ্যে শরীক করেছিলেন। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ হ্যাঁ, আমরা আপনাকে শরীক করলাম, শরীক করলাম।

## English

Narrated An-Nu'man ibn Bashir:

When AbuBakr asked the permission of the Prophet (ﷺ) to come in, he heard Aisha speaking in a loud voice.

So when he entered, he caught hold of her in order to slap her, and said: Do I see you raising your voice to the Messenger of Allah? The Prophet (ﷺ) began to prevent him and AbuBakr went out angry. The Prophet (ﷺ) said when AbuBakr went out: You see I rescued you from the man.

AbuBakr waited for some days, then asked permission of the Messenger of Allah (ﷺ) to enter, and found that they had made peace with each other. He said to them: Bring me into your peace as you brought me into your war.

The Prophet (ﷺ) said: We have done so: we have done so.

হাদিসের মান: ফঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ নু'মান ইবনু বশীর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=37021>

টি হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন